

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২১১

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৭
২৩ জুলাই ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

আজ ২৩ জুলাই ২০২০ খ্রিঃ তারিখ ভোর ০৫.০০ ঘটিকা হতে দুপুর ১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

রংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ
ঢাকা, ফরিদপুর, মাদারিপুর, কুষ্টিয়া, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার এবং
সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কিমি বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো
হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে ১ নম্বর (পুনঃ) ১
নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

ভারী বর্ষণের সতর্কবাণী

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে (২২ জুলাই ২০২০) বিকাল ০৪.০০ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে রংপুর, ময়মনসিংহ, সিলেট, বরিশাল এবং চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪.৮৮ মি.মি.) থেকে অতিভারী (৮৯ মি.মি.) বর্ষণ হতে পারে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ুর অক্ষ রাজস্থান, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় বিরাজ করছে।

পূর্বাভাসঃ রংপুর, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং ঢাকা ও রাজশাহী বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘণ্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের প্রবনতা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩১.০	৩০.৫	৩২.৪	৩১.৪	৩১.৫	৩২.৬	৩১.৪	৩১.৩
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.০	২৫.১	২৪.০	২৫.৫	২৫.০	২৫.০	২৪.৪	২৫.১

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল দিনাজপুর ৩২.৬° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা টেকনাফ ২৪.০° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

বন্যা সংক্রান্ত তথ্যঃ

বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ হওয়ায় গত কয়েকদিন যাবৎ অতিবৃষ্টিজনিত উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলের কারণে সৃষ্ট বন্যা পরিস্থিতির উদ্ভব হয়েছে। এতে দেশের শাখা-প্রশাখাসহ ছোট-বড় মিলিয়ে প্রায় ৮০০ নদ-নদী বিপুল জলরাশি নিয়ে ২৪,১৪০ বর্গ কিলোমিটার জায়গা দখল করে দেশের মধ্য দিয়ে প্রবাহিত হচ্ছে। প্রতি বছরই বর্ষা মৌসুমে প্রবল বৃষ্টিপাত এবং পার্শ্ববর্তী দেশসমূহ হতে প্রবাহিত পানি বৃদ্ধি পেয়ে বিভিন্ন নদ-নদী পানিতে ভরপুর হয়ে নদীর তীর, বাঁধসমূহে ভাঙ্গন দেখা দেয় এবং মানুষ, ঘরবাড়ী, গবাদি পশুসহ আরো অনেক ক্ষতি সাধিত হয়।

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের তথ্য অনুসারে এক নজরে নদ-নদীর পরিস্থিতিঃ

- ব্রহ্মপুত্র-যমুনা নদ নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- কুশিয়ারা ব্যতীত উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টায় স্থিতিশীল থাকতে পারে।
- ঢাকা জেলার আশেপাশে নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে। আগামী ২৪ ঘণ্টায় বালু নদীর ডেমরা পয়েন্টে বিপদসীমা অতিক্রম করতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় তিস্তা নদী পানি সমতল হ্রাস পেতে পারে এবং ধরলা নদী পানি সমতল বৃদ্ধিঅব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় সিলেট, সুনামগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, নেত্রকোণা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, চাঁদপুর, রাজবাড়ি, শরীয়তপুর ও ঢাকা জেলার নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে, অপরদিকে কুড়িগ্রাম, গাইবান্ধা, নাটোর, বগুড়া, জামালপুর, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, এবং নওগাঁ জেলার বন্যা পরিস্থিতি অবনতি হতে পারে।

নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০১	গেজ পাঠ পাওয়া যায়নি	০০
বৃদ্ধি	৫৭	বন্যা আক্রান্ত জেলার সংখ্যা	২০
হ্রাস	৪৩	বিপদসীমার উপরে নদীর সংখ্যা	২০
অপরিবর্তিত	০১	বিপদসীমার উপরে স্টেশনের সংখ্যা	৩০

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র)

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ০৮ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/২৩ জুলাই ২০২০ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

ক্রঃ নং	জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
১	কুড়িগ্রাম	কুড়িগ্রাম	ধরলা	২৭.৪০	+২৫	২৬.৫০	+৯০
২	কুড়িগ্রাম	নুনখাওয়া	ব্রহ্মপুত্র	২৭.০৫	+১৫	২৬.৫০	+৫৫
৩	কুড়িগ্রাম	চিলমারী	ব্রহ্মপুত্র	২৪.৩২	+১১	২৩.৭০	+৬২
৪	গাইবান্ধা	গাইবান্ধা	ঘাগট	২২.৩২	+১৪	২১.৭০	+৬২
৫	গাইবান্ধা	ফুলছড়ি	যমুনা	২০.৭১	+১৪	১৯.৮২	+৮৯
৬	বগুড়া	চকরহিমপুর	করতোয়া	২০.৪৮	+৩০	২০.১৫	+৩৩
৭	বগুড়া	সারিয়াকান্দি	যমুনা	১৭.৬৭	+১৩	১৬.৭০	+৯৭
৮	নওগাঁ	আত্রাই	আত্রাই	১৩.৮১	+০৫	১৩.৭২	+০৯
৯	সিরাজগঞ্জ	কাজিপুর	যমুনা	১৫.৯৯	+১১	১৫.২৫	+৭৪
১০	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ	যমুনা	১৪.০১	+০৫	১৩.৩৫	+৬৬
১১	সিরাজগঞ্জ	বাঘাবাড়ি	আত্রাই	১১.৩৬	-০১	১০.৪০	+৯৬
১২	নাটোর	সিংড়া	গুড়	১৩.৪২	+০৩	১২.৬৫	+৭৭
১৩	পাবনা	তালবাড়িয়া	গঙ্গা	১২.৮৬	+১২	১২.৮০	+০৬
১৪	জামালপুর	বাহাদুরাবাদ	যমুনা	২০.৪৬	+১৪	১৯.৫০	+৯৬
১৫	টাংগাইল	এলাসিন	ধলেশ্বরী	১২.৪৪	+০৩	১১.৪০	+১০৪
১৬	মানিকগঞ্জ	আরিচা	যমুনা	৯.৯৫	-০৫	৯.৪০	+৫৫
১৭	মানিকগঞ্জ	তারাঘাট	কালিগঙ্গা	৯.৩৩	-০৩	৮.৪০	+৯৩
১৮	মানিকগঞ্জ	জাগির	ধলেশ্বরী	৯.০০	+০৪	৮.২৫	+৭৫
১৯	শরীয়তপুর	সুরেশ্বর	পদ্মা	৪.৮০	০০	৪.৪৫	+৩৫
২০	মাদারীপুর	মাদারীপুর	আরিয়ালখান	৪.২৬	+০৮	৪.২০	+০৬
২১	রাজবাড়ী	গোয়ালন্দ	পদ্মা	৯.৬৫	-০৪	৮.৬৫	+১০০
২২	নেত্রকোনা	কলমাকান্দা	সোমেশ্বরী	৬.৮৪	+০২	৬.৫৫	+২৯
২৩	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ	লাক্ষ্যা	৫.৭০	+১০	৫.৫০	+২০
২৪	মুন্সিগঞ্জ	ভাগ্যকুল	পদ্মা	৬.৯৭	-০৮	৬.৩০	+৬৭
২৫	মুন্সিগঞ্জ	মাওয়া	পদ্মা	৬.৭০	-০৫	৬.১০	+৬০
২৬	সিলেট	কানাইঘাট	সুরমা	১৩.২০	-২৯	১২.৭৫	+৪৫
২৭	সুনামগঞ্জ	সুনামগঞ্জ	সুরমা	৮.০১	-০৯	৭.৮০	+২১
২৮	সুনামগঞ্জ	দিরাই	পুরাতন সুরমা	৬.৯৫	+১২	৬.৫৫	+৪০
২৯	ব্রাহ্মণবাড়ীয়া	ব্রাহ্মণ-বাড়ীয়া	তিতাস	৫.২০	+০৮	৫.০৫	+১৫
৩০	চাঁদপুর	চাঁদপুর	মেঘনা	৩.৯২	-০৮	৩.৫৫	+৩৭

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র)

বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
--------	--------------------	--------	--------------------	--------	--------------------

গাইবান্ধা	২৫০.০	বরগুনা	১৮৫.০	সুনামগঞ্জ	১০০.০
সাতক্ষীরা	৮৩.০	দেওয়ানগঞ্জ	৮০.০	পটুয়াখালী	৭৮.০
মহাদেবপুর	৭৩.০	চাঁদপুর বাগান	৬৯.০	চট্টগ্রাম	৬০.০

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র)

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (বৃষ্টিপাত: মি.মি.):

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
চেরাপুঞ্জি	৩৮.০	-	-

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র)

বর্তমানে বন্যা পরিস্থিতিঃ

গত ২৭/০৬/২০২০খ্রিঃ তারিখ হতে অতিবৃষ্টি ও নদ-নদীর পানি বৃদ্ধির ফলে দেশের কয়েকটি জেলায় বন্যা পরিস্থিতি দেখা দিয়েছে। লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, রংপুর, সিলেট, সুনামগঞ্জ, সিরাজগঞ্জ, বগুড়া, জামালপুর, টাংগাইল, রাজবাড়ী, মানিকগঞ্জ, মাদারীপুর ও ফরিদপুর জেলায় নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হওয়ায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছিল। আজ (২৩/০৭/২০২০খ্রিঃ তারিখ) কুড়িগ্রাম, গাইবান্ধা, জামালপুর, বগুড়া, নাটোর, সিরাজগঞ্জ, টাংগাইল, নারায়ণগঞ্জ, ঢাকা, মানিকগঞ্জ, নওগাঁ, রাজবাড়ী, মুন্সিগঞ্জ, শরীয়তপুর, সিলেট, সুনামগঞ্জ, ব্রাহ্মনবাড়িয়া, নেত্রকোনা, পাবনা ও চাঁদপুর ২০ টি জেলার ৩০ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের জুলাই ২০২০ এর দীর্ঘ মেয়াদী আবহাওয়ার পূর্বাভাসঃ

- জুলাই, ২০২০ মাসে বঙ্গোপসাগরে ১-২টি বর্ষাকালীন লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ১ (এক) টি বর্ষাকালীন নিম্নচাপে পরিণত হতে পারে।
- জুলাই, ২০২০ মাসে বাংলাদেশে সার্বিকভাবে স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে।
- জুলাই, ২০২০ মাসে মৌসুমী ভারী বৃষ্টিপাতজনিত কারণে দেশের উত্তরাঞ্চল, উত্তর-মধ্যাঞ্চল এবং মধ্যাঞ্চলের কতিপয় স্থানে মধ্যমেয়াদী বন্যা পরিস্থিতি বিরাজ করতে পারে।
- অপরদিকে দেশের উত্তর-পূর্বাঞ্চল, উত্তর-পশ্চিমাঞ্চল এবং দক্ষিণ-পূর্বাঞ্চলের কতিপয় স্থানে স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ২৩ জুলাই ২০২০ এর আবহাওয়ার পূর্বাভাসঃ

- মৌসুমী বায়ুর অক্ষ রাজস্থান, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় বিরাজ করছে।
- রংপুর, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং ঢাকা ও রাজশাহী বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

বন্যা পরিস্থিতি পর্যালোচনা সভাঃ

প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস এর সভাপতিত্বে গত ১২.০৭.২০২০ তারিখে বিকাল ৩.০০ টায় বন্যা পরিস্থিতি পর্যালোচনার জন্য একটি সভা জুমের মাধ্যমে অনলাইনে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মোহসীন, ঢাকা, রাজশাহী, রংপুর, সিলেট এবং ময়মনসিংহ বিভাগের কমিশনারগণসহ বন্যাপ্রবণ ১৫ টি জেলার জেলা প্রশাসকগণ সংযুক্ত হয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। সকল কমিশনার এবং জেলাপ্রশাসকগণ নিজ নিজ এলাকার বন্যা পরিস্থিতির সার্বিক অবস্থা তুলে ধরেন। বন্যা পরিস্থিতি এখনও ভয়াবহ রূপ ধারণ করেনি তবে যে কোন সময় পরিস্থিতির অবনতি ঘটতে পারে বলে মতে সকলে মত প্রকাশ করেন, প্রত্যেকেই দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে যথেষ্ট পরিমাণ ত্রাণ বরাদ্দ প্রদান করা হয়েছে বলে মত প্রদান করেন।

আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভাঃ

গত ০৯/০৭/২০২০খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১২.০০টায় বন্যার পূর্বাভাস অনুযায়ী পূর্ব প্রস্তুতি ও করণীয় বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ডা. মোঃ এনামুর রহমান, এমপি মহোদয়ের সভাপতিত্বে তথ্য প্রযুক্তির মাধ্যমে (জুম পদ্ধতিতে) আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভার আলোচ্য বিষয় ছিল (ক)বন্যার পূর্বাভাস অনুযায়ী পূর্ব প্রস্তুতি ও করণীয়, (খ) ঘূর্ণিঝড় আঙ্গানের ক্ষয়ক্ষতি ও করণীয় এবং (গ) বিবিধ।

সভায় মন্ত্রিপরিষদ সচিব, জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার, কৃষি মন্ত্রণালয়ের সচিব, খাদ্য মন্ত্রণালয়ের সচিব, বিদ্যুৎ বিভাগের সচিব, বাংলাদেশ রেড ক্রিসেন্টের মহাসচিব, এফএফডব্লিউসি এবং বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালকবৃন্দসহ কমিটির অন্যান্য সদস্যগণ জুম মিটিং এ সংযুক্ত হয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মহসিন এর সঞ্চালনায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালিত হয়।

আজ ২৩ ই জুলাই ২০২০ তারিখে বন্যা আক্রান্ত জেলা প্রশাসনসমূহ থেকে প্রাপ্ত তথ্যের সার-সংক্ষেপ নিম্নরূপঃ

ক্রঃ নং	বিষয়	বিবরণ
১	উপদ্রুত জেলার সংখ্যা	৩০ টি।
২	উপদ্রুত জেলার নাম	লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, রংপুর, সিরাজগঞ্জ, নওগাঁ, বগুড়া, জামালপুর, টাংগাইল, রাজবাড়ী, মানিকগঞ্জ, মাদারীপুর, ফরিদপুর, নেত্রকোনা, শরীয়তপুর, ঢাকা, মুন্সিগঞ্জ, সিলেট, সুনামগঞ্জ, কিশোরগঞ্জ, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, লক্ষ্মীপুর, নাটোর, হবিগঞ্জ, ময়মনসিংহ, রাজশাহী, মৌলভীবাজার।
৩	উপদ্রুত উপজেলার সংখ্যা	১৪৩ টি
৪	উপদ্রুত ইউনিয়নের সংখ্যা	৭৯৪ টি
৫	পানিবন্দি পরিবারের সংখ্যা	৮,২৬,২৭১ টি

৬	ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা	৩৭,২৮,২৬১ জন
৭	বন্যায় এ পর্যন্ত মৃত্যুর সংখ্যা-	২৯ জন
৮	ক্ষতিগ্রস্ত লোকের মধ্যে জি, আর (চাল) বিতরণের পরিমাণ	৬৫৯৩.৩৯৫ মেট্রিক টন
৯	ক্ষতিগ্রস্ত লোকের মধ্যে নগদ ক্যাশ বিতরণের পরিমাণ	২,৩৮,৪৫,২০০/- টাকা
১০	শিশুখাদ্য ক্রয় বাবদ বিতরণের পরিমাণ	২৬,৯৪,০০০/- টাকা
১১	গো-খাদ্য ক্রয় বাবদ বিতরণের পরিমাণ	২৯,৭৪,০০০/- টাকা
১২	শুকনা খাবার বিতরণের পরিমাণ	৬৬,৮৭২ প্যাকেট
১৩	টেউটিন বিতরণের পরিমাণ	১৮০ বান্ডিল।

আজ ২৩ জুলাই ২০২০ তারিখে বন্যা আক্রান্ত জেলা প্রশাসনসমূহ থেকে প্রাপ্ত আশ্রয়কেন্দ্র সম্পর্কিত তথ্যের সার-সংক্ষেপ নিম্নরূপঃ

ক্রঃ নং	বিবরণ	সংখ্যা
১।	বন্যা কবলিত ২১টি জেলায় মোট বন্যা আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে	১৬২৯ টি
২।	আশ্রয়কেন্দ্রসমূহে আশ্রিত লোকসংখ্যাঃ	
	পুরুষ	৩২,৩০৯ জন
	মহিলা	২৭,৩৭৩ জন
	শিশু	১৫,৪৪৮ জন
	প্রতিবন্ধী	২০৭ জন
৩।	আশ্রয়কেন্দ্রসমূহে আনা গবাদি পশুর সংখ্যাঃ	
	গরু/মহিষ	৩৯,৩০০ টি
	ছাগল/ভেড়া	২৩,০২৮ টি
	অন্যান্য গৃহপালিত পশু	১১৮৫ টি
৪।	বন্যা কবলিত জেলায় মেডিকেল টিম সম্পর্কিত তথ্যঃ	
	মেডিকেল টিম গঠন করা হয়েছে	৭৫৫ টি
	বর্তমানে মেডিকেল টিম চালু রয়েছে	৩২১ টি

২। বন্যায় মানবিক সহায়তার বিবরণঃ

(ক) সাম্প্রতিক অতিবর্ষণজনিত কারণে সৃষ্ট বন্যায় ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা হিসেবে বিতরণের নিমিত্ত নিম্ন বর্ণিত জেলাসমূহের নামের পাশে উল্লিখিত ত্রাণ কার্য টাকা, ত্রাণ কার্য চাল, শিশুখাদ্য ক্রয় বাবদ টাকা, গো খাদ্য ক্রয় বাবদ টাকা এবং শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ প্রদান করা হয়েছে (২৮/০৬/২০২০ খ্রিঃ তারিখ থেকে ২২/০৭/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত):

ক্র.নং	জেলার নাম	ত্রাণ কার্য (চাল) বরাদ্দের পরিমাণ (মেঃ টন)	ত্রাণ কার্য (নগদ) বরাদ্দের পরিমাণ (টাকা)	শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমাণ (প্যাকেট)	গো-খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা)	শিশুখাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা)	টেউটিন বরাদ্দের পরিমাণ (বান্ডিল)	গৃহমঞ্জুরী বরাদ্দের পরিমাণ (টাকা)
০১.	ঢাকা	০	৭০০০০০	০	২০০০০০	০	০	০
০২.	টাংগাইল	৬০০	১৩০০০০০	৬০০০	৬০০০০০	২০০০০০	০	০
০৩.	মানিকগঞ্জ	১০০	২০০০০০	৩০০০	৬০০০০০	২০০০০০	০	০
০৪.	ফরিদপুর	৩৫০	৪০০০০০	৪০০০	২০০০০০	০	০	০
০৫.	মুন্সিগঞ্জ	২০০	২০০০০০	৪০০০	৬০০০০০	২০০০০০	০	০
০৬.	রাজবাড়ী	১০০	০	২০০০	৬০০০০০	২০০০০০	০	০
০৭.	মাদারীপুর	৪০০	১২০০০০০	৪০০০	৬০০০০০	২০০০০০	০	০
০৮.	শরীয়তপুর	৫৫০	৭৫০০০০	২০০০	৬০০০০০	২০০০০০	১০০	৩০০০০০
০৯.	কিশোরগঞ্জ	১৫০	৩০০০০০	২০০০	২০০০০০	২০০০০০	০	০
১০.	ময়মনসিংহ	০	০	২০০০	২০০০০০	০	০	০
১১.	নেত্রকোনা	৫৫০	১০০০০০০	৪০০০	৬০০০০০	২০০০০০	০	০
১২.	জামালপুর	৭১০	২৬৫০০০০	৭০০০	৬০০০০০	২০০০০০	০	০
১৩.	চাঁদপুর	৪০০	৮০০০০০	৪০০০	৮০০০০০	৪০০০০০	০	০
১৪.	নোয়াখালী	৪০০	৮০০০০০	২০০০	৬০০০০০	২০০০০০	০	০
১৫.	লক্ষ্মীপুর	৩৫০	৭৫০০০০	২০০০	৬০০০০০	২০০০০০	০	০
১৬.	ব্রাহ্মণবাড়ীয়া	০	০	০	২০০০০০	০	০	০
১৭.	রাজশাহী	৪০০	৮০০০০০	২০০০	২০০০০০	২০০০০০	০	০
১৮.	নওগাঁ	১৫০	২০০০০০	২০০০	২০০০০০	২০০০০০	০	০
১৯.	নাটোর	১৫০	৪০০০০০	২০০০	২০০০০০	২০০০০০	০	০
২০.	সিরাজগঞ্জ	৫০০	১৩০০০০০	৮০০০	৬০০০০০	৪০০০০০	০	০
২১.	বগুড়া	৬৬০	১৮০০০০০	৬০০০	৬০০০০০	২০০০০০	০	০
২২.	রংপুর	৪৬০	১৫০০০০০	৪০০০	৬০০০০০	২০০০০০	০	০
২৩.	কুড়িগ্রাম	৪৬০	২৩০০০০০	৬০০০	৬০০০০০	২০০০০০	০	০
২৪.	নীলফামারী	৪১০	২২৫০০০০	৪০০০	৬০০০০০	২০০০০০	০	০
২৫.	গাইবান্ধা	৫১০	১৯৫০০০০	৬০০০	৬০০০০০	২০০০০০	০	০
২৬.	লালমনিরহাট	৪৫০	২২৫০০০০	৪০০০	৬০০০০০	২০০০০০	২০০	৬০০০০০
২৭.	সিলেট	৫০০	২৩০০০০০	৪০০০	৬০০০০০	২০০০০০	০	০
২৮.	মৌলভীবাজার	৩৫০	৭৫০০০০	৪০০০	২০০০০০	২০০০০০	০	০
২৯.	হবিগঞ্জ	৪০০	৮০০০০০	২০০০	৬০০০০০	২০০০০০	০	০
৩০.	সুনামগঞ্জ	৭০০	২৫০০০০০	৬০০০	৬০০০০০	৪০০০০০	০	০
	মোট=	১০৯৬০	৩২১৫০০০০	১০৮০০০	১৪৬০০০০০	৫৮০০০০০	৩০০	৯০০০০০

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২১/০৭/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২২/০৭/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৭ টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকাণ্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৩	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	০	০	০
৭।	চট্টগ্রাম	১	০	০
৮।	খুলনা	০	০	০
	মোট	৭	০	০

করোনা ভাইরাস সংক্রান্ত তথ্যঃ

১। বিশ্ব পরিস্থিতিঃ

গত ১১/০৩/২০২০ খ্রিঃ তারিখ জেনেভাতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর হতে বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতিকে বিশ্ব মহামারী ঘোষণা করা হয়েছে। সারা বিশ্বে কোভিড-১৯ রোগটি বিস্তার লাভ করেছে। এ রোগে বহুলোক ইতো মধ্যে মৃত্যুবরণ করেছে। কয়েক লক্ষ মানুষ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ২২/০৭/২০২০ খ্রিঃ তারিখ এর করোনা ভাইরাস সংক্রান্ত Situation Report অনুযায়ী সারা বিশ্বের কোভিড-১৯ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

ক্রঃ নং	বিবরণ	বিশ্ব	দক্ষিণ-পূর্ব এশিয়া
০১	মোট আক্রান্ত	১,৪৭,৬৫,২৫৬	১৫,২০,৭৮০
০২	২৪ ঘন্টায় নতুন আক্রান্তের সংখ্যা	২,০২,৭২৬	৪২,৬৩৯
০৩	মোট মৃত ব্যক্তির সংখ্যা	৬,১২,০৫৪	৩৫,৮৯১
০৪	২৪ ঘন্টায় নতুন মৃত্যুর সংখ্যা	৪,২৮৬	৭৭০

২। বাংলাদেশ পরিস্থিতিঃ

বাংলাদেশে প্রথম করোনা ভাইরাসের সংক্রমিত ব্যক্তি শনাক্ত হয়েছে গত ৮মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে। গত ১৬ই এপ্রিল, ২০২০ খ্রিঃ তারিখে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ (২০১৮ সালের ৬১ নং আইন) এর ১১ (১) ধারার ক্ষমতাবলে সমগ্র বাংলাদেশকে সংক্রমণের ঝুঁকিপূর্ণ এলাকা ঘোষণা করা হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট সেল হতে প্রাপ্ত তথ্যাদি নিম্নে প্রদান করা হলোঃ

বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা, সনাক্তকৃত রোগী, রিকোভারী এবং মৃত্যু সংক্রান্ত তথ্য (২২/০৭/২০২০খ্রিঃ):

	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি
কোভিড-১৯ পরীক্ষা হয়েছে এমন ব্যক্তির সংখ্যা	১২,০৫০	১০,৬৬,৬০৯
পজিটিভ রোগীর সংখ্যা	২,৭৪৪	২,১৩,২৫৪

রিকোভারীপ্রাপ্ত রোগীর সংখ্যা	১,৮০৫	১,১৭,২০৪
কোভিড-১৯ আক্রান্ত রোগীর মৃত্যুর সংখ্যা	৪২	২,৭৫১

* করোনা ভাইরাস সংক্রান্ত বিশেষ প্রতিবেদন বিকাল ৫ টায় প্রদান করা হয়।

* বন্যা সংক্রান্ত বিশেষ প্রতিবেদন বিকাল ৪.৩০ টায় প্রদান করা হয়।



২৩-৭-২০২০

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২১১/১(১৬৬)

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৭

২৩ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) জেলা প্রশাসক (সকল)
- ৯) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



২৩-৭-২০২০

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা